## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
ঠাকুরগাঁও
E-mail: thakurgaondeo2008@yahoo.com

জেলা শিক্ষা অফিসার, ঠাকুরগাঁও বরাবর মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর প্রতিনিধি (ডিজি প্রতিনিধি) মনোনয়নের আবেদন দাখিলের জন্য অবশ্যই খেয়াল রাখতে হবে-

- শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে (যে প্যাড সর্বক্ষেত্রে ব্যবহারযোগ্য) আবেদন করতে হবে এবং প্যাডে অবশ্যই শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েবসাইটের ঠিকানা উল্লেখ থাকতে হবে;
- ম্যানেজিং কমিটি কিংবা নিয়োগতব্য পদসমূহের বিপরীতে কোন মামলা নেই মর্মে প্রত্যয়নসহ আবেদন করতে হবে;
- সর্বশেষ জনবল কাঠামো অনুযায়ী নিয়োগতব্য পদ/পদসমূহের প্রাপ্যতার প্রমাণপত্রসহ আবেদন করতে হবে;
- ম্যানেজিং কমিটি নিয়মিত হালনাগাদকরণের প্রমাণপত্রসহ আবেদন করতে হবে;
- সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি থাকতে হবে এবং স্বীকৃতি নবায়ন বা হালনাগাদ থাকতে হবে;
- সর্বশেষ জনবল কাঠামো অনুযায়ী শূন্য পদসমূহের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যাতা, অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে), শূণ্য পদের ধরন, এমপিও/নন এমপিও, পদ সংখ্যা, আবেদন ফি, বেতন গ্রেড, আবেদন দাখিলের নিয়ম এবং আবেদন দাখিলের সর্বশেষ তারিখ ও সময় উল্লেখপূর্বক ০১ টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক, ০১ টি স্থানীয় দৈনিক পত্রিকায় এবং শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েবসাইটে ও ফেসবুক বা অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যমে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে;
- ফেসবুক বা অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যমে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের (post) লিংক (permalink) শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েবসাইটের নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের নিচে উল্লেখ থাকতে হবে;
- শিক্ষা প্রতিষ্ঠানের কাম্য শিক্ষার্থী/কাম্য ফলাফলের ধারাবাহিকতার প্রতিবেদন আবেদনের সাথে দাখিল করতে হবে;
- এছাড়াও শিক্ষা মন্ত্রণালয়ের ১০/০১/২০২৪ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০২.২০১৬.০৬ সংখ্যক পরিপত্রে নিয়োগ সংক্রান্ত অন্যান্য নির্দেশনাসমূহ অনুসরণ নিশ্চিত করতে হবে;

১৪.০৫.২০২৪

(মোঃ শাহীন আকতার)
জেলা শিক্ষা অফিসার
ঠাকুরগাঁও
ফোন: ০২৫৮৯৯৩১২৬৫
ওয়েব: deo.thakurgaon.gov.bd
ই-মেইল: thakurgaondeo2008@yahoo.com